



স্মারক নং- সশাসুক/বগ/২০২৪/---৫৭৪

তারিখ: ০৩/০৭/২০২৪

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে ২য় পর্যায়ে অনলাইন প্রাথমিক আবেদন সম্পর্কিত বিজ্ঞপ্তি

সূত্র: ১০(২২৬)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/২০২৪/২৯৬৭, তারিখ: ৩০/০৬/২০২৪

এতদ্বারা জানানো যাচ্ছে যে, উপর্যুক্ত সূত্র মোতাবেক সরকারি শাহ সুলতান কলেজ, বগুড়ায় ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি ইচ্ছুক ছাত্র-ছাত্রীদের On Line হতে ২য় পর্যায়ে অনলাইন প্রাথমিক আবেদন ফরম ০৭/০৭/২০২৪ তারিখ হতে ১৫/০৭/২০২৪ তারিখের মধ্যে উত্তোলন করে ১৬/০৭/২০২৪ তারিখ পর্যন্ত (সরকারি ছুটির দিন ব্যতীত) বেলা ২.০০টার মধ্যে আবেদনকৃত ফরম নিম্নোক্ত কাগজপত্রসহ অত্র কলেজের উদ্ভিদবিজ্ঞান বিভাগে জমা দিতে বলা হলো। ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্য কলেজের ওয়েব সাইট- [www.govssc.edu.bd](http://www.govssc.edu.bd) অথবা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট [www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions) এর লিংক থেকে জানা যাবে।

- ১ম পর্যায়ে যে সকল শিক্ষার্থী প্রাথমিক আবেদন করেছে সে সকল শিক্ষার্থীর ২য় পর্যায়ে আবেদন করার প্রয়োজন নেই।
- ২য় পর্যায়ে প্রাথমিক আবেদনকারী প্রার্থীদের সরাসরি কোন মেধা তালিকা দেয়া হবে না তবে তাদের মেধা তালিকায় স্থান পেতে অবশ্যই ২য় রিলিজ প্লিপে পাঁচটি কলেজে বিষয় পছন্দক্রম নির্ধারণ করে আবেদন করতে হবে।

➤ এই কলেজে অনার্স বিষয়সমূহ : ১। বাংলা, ২। ইংরেজি, ৩। অর্থনীতি, ৪। রাষ্ট্রবিজ্ঞান, ৫। ইতিহাস, ৬। দর্শন, ৭। হিসাববিজ্ঞান, ৮। ব্যবস্থাপনা, ৯। গণিত, ১০। পদার্থবিজ্ঞান ১১। রসায়ন, ১২। ভূগোল ও পরিবেশ, ১৩। প্রাণিবিজ্ঞান এবং ১৪। উদ্ভিদবিজ্ঞান।

➤ প্রয়োজনীয় কাগজপত্র ও তথ্য :

- ১। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট থেকে উত্তোলিত প্রাথমিক আবেদন ফরম (শিক্ষার্থীর স্বাক্ষরসহ)।
- ২। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি-১ সেট।
- ৩। জাতীয় বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত ভর্তির প্রাথমিক আবেদন ফরমের Admission Roll No ব্যবহার করে আবেদন ফি বাবদ ৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকা রূপালী ব্যাংক শিওর ক্যাশের Keyword GSSCBHNO -এ জমা দিয়ে প্রাপ্ত TNX Id (ট্রানজেকশন আইডি) এবং সর্বদা সচল একাধিক মোবাইল নম্বর ফরমের উপরে লিখে কলেজে জমা দিতে বলা হলো।

মোবাইল হ্যাণ্ডসেট থেকে রূপালী ব্যাংক শিওর ক্যাশে পেমেন্ট পদ্ধতি:

\*495# → Payment → Keyword → Admission Roll No → Pin No → Send

প্রতিস্বাক্ষর

০ ৩/০৭/২০২৪  
অধ্যক্ষ

সরকারি শাহ সুলতান কলেজ, বগুড়া।

সরকারি শাহ সুলতান কলেজ  
বগুড়া।

অনুলিপি:

১. উপাধ্যক্ষ; ২. সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ; ৩. সম্মানিত বিভাগীয় প্রধান (সকল), অত্র কলেজ। ৪. আস্থায়ক, অনার্স ১ম বর্ষ ভর্তি কমিটি-২০২৩-২০২৪; ৫. কলেজ ওয়েব সাইট; ৬. নোটিশ বোর্ড; ৭. অফিস নথি।

০৬.০৭.২০২৪

আস্থায়ক

১ম বর্ষ অনার্স ভর্তি কমিটি (২০২৩-২৪)  
সরকারি শাহ সুলতান কলেজ, বগুড়া।